সমকাল

তারিখ 12 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৫

জাবি শিক্ষক লাঞ্ছিত

# জড়িত পুলিশ সার্জেন্টকে স্থায়ী বরখাস্তের দাবি

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক রাকিব আহমেদকে পুলিশের লাঞ্ছিত করার প্রতিবাদে এবং অভিযুক্ত পুলিশ সার্জেন্টের স্থায়ী বরখাস্তের দাবিতে মানববন্ধন ও মৌন মিছিল করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে অনুষ্ঠিত এ মানববন্ধনে দুই শতাধিক শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী কালো ব্যাজ ধারণ করে অংশ নেন। গত শনিবার রাতে ঢাকার উত্তরার হাউস বিল্ডিং এলাকায় জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক রাকিব আহমেদকে লাঞ্ছিত করে পুলিশ সার্জেন্ট ইমরান ও তার সহকর্মীরা। এ ঘটনায় তাকে সাময়িক বরখাস্ত করা হয়। মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক খবির উদ্দিন ও সাধারণ সম্পাদক অধ্যাপক মাফরুহী সাত্তার শিক্ষক লাঞ্ছনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে দায়ী পুলিশ সার্জেন্টকে স্থায়ী বহিষ্কারের দাবি জানান। মানববন্ধন শেষে শিক্ষকরা একটি মৌন মিছিল করে রেজিস্ট্রার ভবনের সামনে সংক্ষিপ্ত সমাবেশের মধ্যে দিয়ে শেষ হয়।